



## করোনা মহামারীতেও কেদারপুরে প্রজনন স্বাস্থ্য সচেতনতা

প্রত্যন্ত অঞ্চলের অসংখ্য কিশোরী ও নারীরা যৌন ও প্রজনন স্বাস্থ্য সমস্যায় ভুগছেন এবং বলতে পারছেন না কাউকে তাদের সমস্যার কথা, মিলছে না চিকিৎসক ও চিকিৎসকের সঠিক পরামর্শ। এমনই পরিস্থিতিতে বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের রাজকর গ্রামের হাওলাদার বাড়ী কমিউনিটিতে ১৩ জুলাই অনুষ্ঠিত হয়েছে বিবাহিত ও অবিবাহিত কিশোরী ও নারীদের মধ্যে প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ে সচেতনতামূলক উঠান বৈঠক। উঠান বৈঠকে কমিউনিটির ৬ জন কিশোরী ও ১৪ জন নারী অংশগ্রহণ করেন। কেদারপুর সোনার বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহ-শিক্ষক কবিতা রানী রায় রিসোর্সপার্সন হিসাবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের সাথে যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার কী, প্রজননতন্ত্রের সংক্রমণরোধ ও পরিচর্যা (ঋতুস্রাবের জটিলতা ও মাসিক পূর্ব জটিলতা, বিলম্বিত মাসিক, অনিয়মিত মাসিক, অতিরিক্ত রক্তক্ষরণ, সাদাস্রাব, তলপেট ব্যথা ইত্যাদি), ঋতুস্রাবজনিত জটিলতায় করণীয়, করোনাকালে কৈশোরকালীন ঝুঁকি ও প্রতিকূলতা এসকল বিষয় নিয়ে প্রশ্নোত্তরের মাধ্যমে খোলামেলা আলোচনা করেন। উঠান বৈঠক চলাকালে উপস্থিত ছিলেন ইউনিয়নের ০৬ নং ওয়ার্ড গ্রাম উন্নয়ন কমিটির সাধারণ সম্পাদক মোসাঃ মরিয়ম বেগম। তিনি বলেন, ‘বয়ঃসন্ধিকালের শারিরিক ও মানসিক পরিবর্তন নিয়ে তাই প্রত্যেক কিশোর কিশোরীদের এ বিষয়ে স্বচ্ছ ধারণা থাকা জরুরী।’

## আইগেলঝাড়ায় করোনা সহিষ্ণু এলাকা গঠনের উদ্যোগ

দি হাজার প্রজেক্ট বাংলাদেশ এর একদল স্বেচ্ছাসেবক গ্রামের বাসিন্দাদের সুরক্ষিত রাখতে উদ্যোগী হয়েছেন। এরই ধারাবাহিকতায় গত ১৩ জুলাই আইগেলঝাড়ার রাজিহার ইউনিয়নে রামানন্দের আঁক বিশ্বাস বাড়ী গ্রাম উন্নয়ন দলের নিজস্ব উদ্যোগে ‘করোনা সহিষ্ণু গ্রাম গঠনে গ্রাম উন্নয়ন দলের ভাবনা’ বিষয়ক গ্রাম উন্নয়ন দলের ফলোআপ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র গ্রাম উন্নয়ন দলের সহ-সভানেত্রী প্রমিলা রায়।

সভায় করোনা ভাইরাস মোকাবিলায় স্থানীয় জগৎনের শক্তি নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি করোনা ভাইরাস পরিচিতি, করোনা ভাইরাস কিভাবে ছড়ায়, কিভাবে হাত ধুতে হয়, হাচি কাশির শিষ্টাচার, বাড়ীতে করণীয়, গুজব কুসংস্কার ঘটনা, কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধের উপায় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভা শেষে এলাকায় করোনায় অসচেতন ব্যক্তিদের তালিকা করা, বহিরাগতদের আগমন সীমিত করা, করোনায় অসচেতন ব্যক্তিদের বিরুদ্ধে সচেতন করার জন্য সামাজিক প্রতিরোধ গড়ে তোলা, প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বর্তমান পরিস্থিতিতে কর্মহীন মানুষের পাশে থাকার জন্য ভিডিটি সদস্যগণ একমত পোষণ করেন।



## করোনা প্রতিরোধে কোরবানীর হাটে তরুণদের সচেতনতা মূলক প্রচারাভিযান

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে কোরবানীর পশুর হাটে ক্রেতা ও বিক্রেতাকে করোনা ভাইরাস থেকে সচেতন করার উদ্দেশ্যে সচেতনতামূলক প্রচারাভিযান করেছে ইয়ুথ এন্ডিং হাজার মাধবপাশা ইউনিট। ইউনিয়নটির গ্রাম উন্নয়ন দলের উদ্যোগে ২৯ জুলাই ২০২০ তারিখ বিভিন্ন বাজার এবং পশুর হাটে সচেতনতা মূলক মাইকিং ও গ্রামবাসির মাঝে লিফলেট বিতরণ করা হয়। মাইকিং এ মাধ্যমে সকলকে মাস্ক পরিধান করে সকল স্বাস্থ্যবিধি মেনে কোরবানীর পশু কেনা বেচা করা, কোরবানীর পশুর হাটে প্রবেশের সময় অবশ্যই সাবান দিয়ে হাত জীবাণুমুক্ত করা, সর্দি, কাশি জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে হাটে প্রবেশ না করা, শিশু, বৃদ্ধ ও অসুস্থরা হাটে না আসা, ভীড় এড়ানোর জন্য পশুর হাটে নিদিষ্ট পথে প্রবেশ ও প্রস্থান করা, নির্দিষ্ট স্থানে স্বাস্থ্যবিধি মেনে পশু কোরবানী করা এবং ধর্ম মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশনের নির্দেশনা মেনে মসজিদে ঈদের নামাজ আদায় করার আহবান জানানো হয়। বাবুগঞ্জ উপজেলা প্রশাসনের আয়োজনে ও দি হাজার প্রজেক্ট- বাংলাদেশের এর সহযোগিতায় এই প্রচারাভিযান মাধবপাশা ইউনিয়নের গ্রামের জনগণের মধ্যে সচেতনতাবোধ সৃষ্টির মধ্য দিয়ে কোরবানীর ঈদের সময় করোনা ভাইরাস প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করেন গ্রামবাসী।

## করোনা ভাইরাস প্রতিরোধে প্রচার অভিযান

গত ২৯ জুলাই সকাল ১১টায় আইগেলঝাড়া উপজেলাধীন বাকাল ইউনিয়নে আইগেলঝাড়া উপজেলা প্রশাসন ও দি হাজার প্রজেক্ট বাংলাদেশ প্রচারনায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে গরুর ও ছাগল হাটে করোনা ভাইরাস প্রতিরোধে ক্রেতা এবং বিক্রেতাদের শতকীকরণ ও সরকারি নির্দেশনা প্রচার করা হয়। বিশেষ করে আইগেলঝাড়া উপজেলা পরিষদ থেকে গৈলা গরুর হাট, জবসেন, বাকাল, ডুমুরিয়া, আমবাড়ী, জলিরপাড়, ফেনাবাড়ী, আন্ধারমানিক, পূর্ব ও পশ্চিম পয়সা, উত্তর দক্ষিণ বড় মাগড়া, সরবাড়ী, পাকুরিতা, তেঁতলা এবং

বাঘপাড়া সমগ্র বাকাল ইউনিয়ন প্রচার করা হয়। প্রচারের মধ্যে উল্লেখ ছিল, গরুর হাটে ইজাদার হাট কমিটির প্রতি বিশেষ নির্দেশনা দেওয়া হয়। সকাল ১১.০০ টা থেকে ৩.০০ টা পর্যন্ত এ প্রচার অভিযান ও লিফলেট বিতরণ করা হয়। এতে হাট বাজারের গরু ক্রেতা ও বিক্রেতার সচেতনতা বৃদ্ধি পায়। এই প্রচার অভিযানে অংশগ্রহণ করেন ইয়ুথ লিডার শিশির দাস, মোঃ মাফুজ রহমান ও তামিম। সার্বিক সহযোগিতায় ছিলেন মোঃ সাইফুল ইসলাম, ইউসি দি হাজার প্রজেক্ট বাংলাদেশ আইগেলঝাড়া, বরিশাল।